"শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ"

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ
ফোন ঃ ০৪৫১-৬২৬০৫ (Office), ০৪৫১-৬২২৪৫ (PABX)
ফ্যাক্স ঃ ০৪৫১-৬২৬১৫, ই-মেইল ঃ jhenaidah_pbs@ yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৩১.১০০.০৩.১৬. তারিখঃ- ২৫ জ্যৈষ্ঠ'১৪২৩ বঙ্গাঃ / ০৮ জুন'২০১৬ খ্রিঃ

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ ও প্যানেল প্রস্তুতের জন্য আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের (পুরুষ) নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহবান করা যাচ্ছে। প্রার্থীকে বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও পদ সংশ্লিষ্ট শর্তাবলী
০১	ড্রাইভার	(১০,১০০/- থেকে ১৭,১১০/-)	সাবলীলভাবে বাংলা ও ইংরেজী লিখতে ও পড়তে হবে। এছাড়া বিভিন্ন রকম নির্দেশিকা, নির্দেশনা ও চিহ্ন সম্পর্কে ভাল ধারণা থাকতে হবে। সময়, রিপোর্ট ও সিডিউল সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকতে হবে। গাড়ীর সকল নির্দেশনাবলী ইংরেজীতে থাকায়, ইংরেজী অক্ষর ও নাম্বারিং পড়তে জানতে হবে। প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত হালকা গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স ইস্যুর পরবর্তী ০৫ (পাঁচ) বছর যে কোন সরকারী/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অথবা বৃহৎ শিল্প/ বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালানো ও রক্ষণা-বেক্ষণ সম্পর্কে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র সহ ভাল ড্রাইভিং এর সনদ থাকতে হবে। নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক গাড়ী চালানো ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। নিয়োগকারী প্রতিষ্ঠানে ডাক্তার কর্তৃক স্বাক্ষ্যর ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলী ঃ

০১। আবেদনকারীগণ ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (www.jhenaidahpbs.org) হতে আবেদন ফরম (ফরম নং পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ৩০/০৬/২০১৬ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি, রাউতাইল, ঝিনাইদহ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত, সরাসরি কোন আবেদন পত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

০২। প্রার্থী কর্তৃক আবেদন পত্রের সাথে জেনারেল ম্যানেজার, ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকুলে যে কোন তফসিলী ব্যাংক হতে ১০০/-(একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করতে হবে এবং ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়িত) অভিজ্ঞতা সনদ, শিক্ষাগত সনদ, ইউনিয়ন/ উপজেলার চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্রের সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৩। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদন পত্রের সাথে প্রমাণ স্বরুপ মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৪। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। প্রার্থীদের প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথ ভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামো নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৫। অত্র সমিতির এলাকা পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

(অঃ পৃঃ দ্র)

০৬। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

০৭। জেলা কোটা প্রাপ্যতার ভিত্তিতে শুধুমাত্র ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, জামালপুর, শেরপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, টাঙ্গাইল, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবন, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, বি-বাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, বগুড়া, পাবনা, সিরাজগঞ্জ, বরিশাল, ভোলা, ঝালকাঠি, পিরোজপুর ও পটুয়াখালী জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন।

০৮। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পর মুহূর্ত পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

০৯। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১০। অসম্পূর্ণ/ ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গন্য হবে।

(প্রকৌঃ যুবরাজ চন্দ্র পাল)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি-(বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হল)।

১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৩। পরিচালক, পবিস উঃ ও পঃ (দঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
৫। ডিজিএম, মহেশপুর/শৈলকুপা/সদর-কারিগরী, জোনাল অফিস/সদর দপ্তর, ঝিনাইদহ পবিস।
৬। এজিএম(ওএন্ডএম), কালীগঞ্জ/হরিণাকুন্ডু সাব-জোনাল অফিস, ঝিনাইদহ পবিস।
৭। এজিএম (এম,এস/অর্থ/ওএন্ডএম), ঝিনাইদহ পবিস।
৮। নোটিশ বোর্ড।
৯। অফিস কপি/মাষ্টার কপি।

সিনিয়র জেনারেল ম্যানেজার
08/06/2016

পমাসপ ১১০-০০২
ভার্সন-০১
অনুমোদিত ঃ ২৭/০৪/২০১৪ খ্রিঃ

ফরম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ .....

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতিতে ড্রাইভার পদে প্যানেভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম
(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করত হবে)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ খানে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি
রাউতাইল, ঝিনাইদহ।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং- .....
স্মারক নং-২৭.১২.৪৪১৯.৫৩১.১০০-০৩.১৬.৪৬৬৬ তারিখ-০৮/০৬/২০১৬খ্রিঃ

২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে)

৩. পদের ধরণ ঃ নিয়মিত

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম .....

৫. প্রকাশনার তারিখ .....

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) .....

..... (বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

৭. জন্ম তারিখ (.....পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)
...../...../.....(দিন/মাস/বছর)

৮. মাতার নাম .....

৯. বয়স (৩০/০৬/২০১৬ইং তারিখ) .....

১০. পিতার নাম .....

১১. ধর্ম .....

১২. জাতীয়তা .....

১৩. নিজ জেলা .....

১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর .....

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন) ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ..... খ. ডাকঘর ..... গ. উপজেলা/থানা ..... ঘ. জেলা .....

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

ক. গ্রাম/সড়ক/বাড়ী ..... খ. ডাকঘর ..... গ. উপজেলা/থানা ..... ঘ. জেলা .....

১৯. ডিডি/পোষ্টাল অর্ডার .....

২০. ডিডি/পোষ্টাল অর্ডার এর মূল্য .....

২১. ইস্যুর তারিখ .....

২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেনী/গ্রেড	

২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদপত্র দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

নিয়োগ কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পদত্যাগের তারিখ

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য (পবিস নির্দেশিকা ৩০০-১৪ অনুযায়ী নিম্নের তথ্য প্রদেয় হবে) ঃ

কর্মরত পবিস এর নাম	পদের নাম	বর্তমান মোট চাকুরীকাল	প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হ্যাঁ/না) জবাব হ্যাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে	পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড)

আমি অঙ্গীকার করিতেছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমরা জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হব এবং আমার বিরুদ্ধে বাপবিবো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হয়, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয় সনদ এবং অভিজ্ঞতার সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকব।

....

তারিখ আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি

রাউতাইল, ঝিনাইদহ।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

লিখিত (এমসিকিউ)/লিখিত (রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর.....

পরীক্ষার তারিখ .....

পরীক্ষার সময়.....

পরীক্ষা কেন্দ্রের নাম .....

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা .....

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর.....

(প্রার্থী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ.....

প্রার্থীর নাম.....

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক.....

.....

.....

.....

পরীক্ষার্থীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১) পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২) নির্ধারিত সময়ে অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩) উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪) পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫) চাকুরীর আবেদন পত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬) পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭) উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয় ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।